



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
প্রশাসন শাখা
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা
www.birtan.gov.bd

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.১৬.০০১.২০-০৭

তারিখ: ১৯ পৌষ ১৪২৭

০৩ জানুয়ারি ২০২১

বিষয়: সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পর্যায়ক্রমে বৈদ্যুতিক বাতি ও ফ্যান চালানোর জন্য সৌর প্যানেল স্থাপন করে নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে পদক্ষেপ গ্রহণ প্রসংগে।
সূত্র: বিজ্ঞস(বিঃ)/উস(বিঃসা), বিদ্যুৎ সশয়ক-০১/২০১০/০৩, তাং- ১৯.০১.২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের মর্মানুযায়ী জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কর্তৃক ঢাকাস্থ বিএডিসি'র সেচভবনের ছাদে স্বল্পপরিসরে সোলার প্যানেল স্থাপন করে বিদ্যুৎ উৎপাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া, নারায়ণগঞ্জের আড়াইহাজারে প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়, বরিশাল, সিরাজগঞ্জ, নোয়াখালী, সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোণা ও রংপুর জেলায় আঞ্চলিক কার্যালয় স্থাপনের লক্ষ্যে জমি অধিগ্রহণ করে স্থায়ী অবকাঠামো নির্মাণ এর কাজ চলমান আছে। নির্মাণ কাজ সম্পন্নের পর প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়গুলোতে সৌর প্যানেল স্থাপন করে নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে পদক্ষেপ গ্রহণ করা হবে।

বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

৪-১-২০২১

কাজী আবুল কালাম
পরিচালক (প্রশাসন ও অর্থ)

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়